দৈনিক ইত্তেফাক

5

তারিখ ... 04 MAR 1990
পৃষ্ঠা ... ১ ...

# হামলা ও অগ্নিসংযোগের পর কুষ্টিয়া পলিটেকনিক বন্ধ

কুষ্টিয়া সংবাদদাতার ফোন : গতকাল (শনিবার) কুষ্টিয়া পলিটেকনিক ইনষ্টিটিউটে দ্বিতীয় বর্ষের ফাইনাল পরীক্ষায় সিটে বসা লইয়া পরীক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে গোলযোগ সৃষ্টি হওয়ায় পরীক্ষা বন্ধ হইয়া যায়। উত্তেজিত ছাত্ররা ইনষ্টিটিউট অফিস ও অধ্যক্ষের বাসভবনে হামলা চালাইয়া অগ্নিসংযোগ ও মালামাল ভাঙ্গচুর করে। অধ্যক্ষ জানান, এই হামলায় প্রায়

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## কুষ্টিয়া পলিটেকনিক

(১ম পৃঃ পর)

লক্ষ টাকার মালামাল বিনষ্ট হয় ও কয়েকটি মূল্যবান ফাইল পুড়িয়া যায়। অধ্যক্ষসহ পাঁচজন শিক্ষক ও একজন ড্রাইভার লাঞ্ছিত হন। এই পরিস্থিতিতে ইনষ্টিটিউটটি অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করিয়া ছাত্রদের হোষ্টেল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে।